

# দিনাজপুর বোর্ডে পাসের হার ও জিপিএ ৫-এ এগিয়ে মেয়েরা

দিনাজপুর প্রতিনিধি



ছবি: কালের কণ্ঠ

দিনাজপুর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে এইচএসসি পরীক্ষার প্রকাশিত ফলাফলে এগিয়ে রয়েছেন মেয়েরা। বিজ্ঞান ও মানবিক বিভাগে পাসের হার এবং জিপিএ ৫-এ এগিয়ে রয়েছেন তারা। তবে ছেলেরা বাণিজ্য বিভাগে যতসামান্য ভালো করেছেন।

এবার দিনাজপুর বোর্ডে জিপিএ ৫ পেয়েছে ৬ হাজার ২৬০ জন।

এদের মধ্যে মেয়ে ৩ হাজার ৪৮৬ জন এবং ছেলে ২ হাজার ৭৭৪ জন। ছেলেরা চেয়ে মেয়েরা ৭১২ জন বেশি।

আজ বৃহস্পতিবার (১৬ অক্টোবর) দিনাজপুর শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষার ফলাফলে চেয়ারম্যান প্রফেসর মো. তৌহিদুল ইসলামের সই করা পরিসংখ্যানে বিষয়টি জানানো হয়।

পরিসংখ্যানে জানানো হয়, এবার এই বোর্ডের অধীনে ৮টি জেলার ৬৬৬টি প্রতিষ্ঠানের মোট ১ লাখ ৫ হাজার ৮৯১ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করে।

তাদের মধ্যে ৬০ হাজার ৮৮২ জন পরীক্ষার্থী পাস করেছে। মোট পাসের হার ৫৭.৪৯ শতাংশ। এদের মধ্যে মেয়েদের পাসের হার ৬১.৯২ শতাংশ এবং ছেলেদের পাসের হার ৫২.৬৫ শতাংশ। সে তুলনায় মেয়েরা ৯.২৭ শতাংশ বেশি পাস করেছে।

ন



ক্যাডেট কলেজগুলোতে ৯৯.৬৬% জিপিএ-৫

ফলাফলে আরো দেখা যায়, বিজ্ঞান, মানবিক, বাণিজ্য ও হিসাব বিজ্ঞানেও মেয়েরা ছেলেদের চেয়ে ভালো করেছে। বিজ্ঞান বিভাগে পাসের হার ৭৬.১২ শতাংশ। যার মধ্যে ছেলেরা ৭৫.২৪ শতাংশ ও মেয়েরা ৭৭.০৪ শতাংশ। ছেলেদের চেয়ে মেয়েরা ১.৮০ শতাংশ বেশি।

মানবিক বিভাগে পাসের হার ৫২.৫১ শতাংশ।

যার মধ্যে ছেলেরা ৪৫.০৬ শতাংশ ও মেয়েরা ৫৮.৬৫ শতাংশ।

ছেলেদের চেয়ে মেয়েরা ১৩.৫৯ শতাংশ বেশি।

হিসাব বিজ্ঞান বিভাগে পাসের হার ৪২.০৫ শতাংশ। যার মধ্যে  
ছেলেরা ৪২.২৪ শতাংশ ও মেয়েরা ৪১.৭৭ শতাংশ। মেয়েদের  
চেয়ে ছেলেরা ০.৪৭ শতাংশ বেশি।